১৪৪৪

দৈনিক বাংলা

তারিখ 05 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

২৪

# শিক্ষাঙ্গনে অস্বস্তিকর পরিবেশ বিরাজ করছে ঃ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধীদলের নেত্রী শেখ হাসিনা ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনিয়মের অবসান এবং সাম্প্রদায়িক গোষ্ঠীর তৎপরতা বন্ধের দাবী জানিয়েছেন। তিনি বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল শিক্ষাঙ্গনে অস্বাভাবিক অবস্থা, নিরাপত্তাহীনতা ও অস্বস্তিকর পরিবেশ বিরাজ করছে।

তিনি বলেন, সুষ্ঠু পরিবেশ ছাড়া সুন্দর মানসিকতার বিকাশ সম্ভব নয়।

রোববার সকালে মিন্টো রোডের বাসভবনে শেখ হাসিনার সাথে বাংলাদেশ ছাত্রলীগ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার একটি প্রতিনিধি দল সাক্ষাৎ করেন।

(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে অস্বস্তিকর

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিনিধি দলের পক্ষে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান সাজু বিশ্ববিদ্যালয়ের বিরাজমান সামগ্রিক সমস্যাবলী অবহিত করেন। সভানেত্রী ধৈর্যসহকারে তাদের বক্তব্য শোনেন।

তিনি বলেন, ১৯৭৫-এর ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যার পর থেকে জাতীয় স্বাধীনতা সংগ্রামের ইতিহাসকে উদ্দেশ্য-প্রণোদিতভাবে বিকৃত করে জাতির গর্ব ও গৌরবোজ্জ্বল কৃতিত্বকে বিতর্কিত করা হচ্ছে। সমাজজীবনের প্রতি ক্ষেত্রে সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়ানো হচ্ছে।

এই সময় আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক আবদুল জলিল ও শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক ওবায়দুল কাদের উপস্থিত ছিলেন। খবর বিজ্ঞপ্তির।